



ISO 9001:2015 Certified



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

**ওটিএম (OTM) / নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কাজের স্বার্থে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী পবিস তহবিলের আওতায় গ্রুপ-ক এর আইটেমের মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/অনুমোদিত ডিলার/সরবরাহকারীর নিকট হতে সীলমোহরকৃত পুনঃ দরপত্র (OTM) এবং গ্রুপ-খ আইটেমের অত্র পবিসের (ওএলএম) ষ্টোরে রক্ষিত ২০২১-২০২২ অর্থ বছরের কনডেম ঘোষিত নিম্নবর্ণিত মালামাল (যেখানে যে অবস্থায় আছে এর ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

গ্রুপ নং	ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ (কেজি/টি)	নিলাম দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানত	দরপত্র ক্রয়, দাখিল ও উন্মুক্ত করনের স্থান	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
গ্রুপ-ক (পুনঃ দরপত্র)	০১	কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ	০৭টি বিভিন্ন আইটেমের মালামাল	১০০০/-	৪৫০০০/-	১) ময়মনসিংহ পবিস-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা। ২) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।	০৬/০৭/২০২২খ্রিঃ হতে ২১/০৭/২০২২খ্রিঃ	২৪/০৭/২০২২খ্রিঃ তারিখ রবিবার বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত।	২৪/০৭/২০২২খ্রিঃ তারিখ রবিবার বেলা ১১.৫০ ঘটিকা
	০১.১	লৌহ জাতীয় মালামাল, হার্ডওয়্যার, মিটার, সকেট, প্রিপ, ওসিআর, গাই তার, সিটি, পিটি ইত্যাদি	১৫৮৪০ কেজি	১০০০/-	দাখিলকৃত মূল্যের ২৫%				
নিলামে বিক্রয়ের মালামাল	০১.২	মিটার ১ ফেজ (এনালগ)	৩৪৬১ টি						
	০১.৩	মিটার ৩ ফেজ (ডিজিটাল) জে-২, জে-৩, জে-৪, জে-২৩	১৫৯টি						
	০১.৪	মিটার ১ ফেজ (ডিজিটাল)	৫৩৯০ টি						

**শর্তাবলীঃ-**

- ১। আগ্রহী দরদাতাগণ ছকে উল্লিখিত সময়সূচী অনুযায়ী ময়মনসিংহ পবিস-১ এর সদর দপ্তরের প্রশাসন বিভাগে রক্ষিত টেন্ডার বাক্সে অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, শিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন।
- ০২। খামের উপর নিলাম দরপত্র কথটি লিখতে হবে।
- ০৩। দরপত্র সমূহ এদিন অর্থাৎ ২৪/০৭/২০২২খ্রিঃ (উক্ত তারিখে সরকারী ছুটি হলে পরবর্তী তারিখে গ্রহন করা হবে) তারিখ দুপুর ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র দাখিলকৃত অফিসে খোলা হবে।
- ০৪। গ্রুপ-ক এর কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ এর ক্ষেত্রে দরপত্রের সাথে ময়মনসিংহ পবিস-১ এর অনুকূলে যেকোন তফসিল ব্যাংক হতে ছকে উল্লিখিত টাকা পে-অর্ডার দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। গ্রুপ-খ এর ক্ষেত্রে দরদাতাকে মালামালের বিপরীতে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসেবে (যা কার্যাদেশ প্রাপ্ত না হলে ফেরতযোগ্য) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সংগে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া কোন দরপত্র গ্রহনযোগ্য হবে না। সর্বোচ্চ দরদাতার দরই বিবেচিত হবে।
- ০৫। বিজ্ঞপ্তিতে উল্লিখিত সর্বনিম্ন একক নিলাম দরের নীচে কোন দর গ্রহনযোগ্য হবে না।
- ০৬। গ্রুপ-ক এবং গ্রুপ-খ এর ক্ষেত্রে দরপত্র পৃথকভাবে দাখিল করতে হবে। তবে গ্রুপ-খ এর ক্ষেত্রে ক্রঃ নং-১ হতে ৪ পর্যন্ত আইটেমের মালামালের একক দর উল্লেখ পূর্বক সর্বমোট দরসহ একত্রে দাখিল করতে হবে। এক্ষেত্রে কোন স্পটায়ন প্রয়োজন হলে সমিতি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।
- ০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ হতে মালামাল সমূহ ডেলিভারী গ্রহন করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল সহ দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হবে।
- ০৮। সকল দরপত্র দলিলের খামের উপরে প্রেরকের পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র নম্বর ও নাম স্পষ্ট করে লিখতে হবে। এছাড়াও দরপত্র দলিলের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, আয়কর, ব্যাংক সলভেন্সি ও অভিজ্ঞতা সনদপত্রের কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং দরপত্রে উল্লিখিত চাহিদা মোতাবেক অন্যান্য ডকুমেন্টস দাখিল করতে হবে।
- ০৯। কার্যাদেশ প্রাপ্তির পর কৃতকার্য দরদাতাকে সরকারী বিধি মোতাবেক মোট উদ্ধৃত মূল্যের উপর আয়কর ও ভ্যাট পৃথকভাবে জমা প্রদান করতে হবে।
- ১০। বর্ণিত মালামাল সমূহের নমুনা আগামী ২১/০৭/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ১১। দরপত্রে কোন কাটা ছেঁড়া বা ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর সুস্পষ্টভাবে অংকে ও কথায় উল্লেখ করতে হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ১৩। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(জেনারেল ম্যানেজার)  
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

Aes.